BRiCM
বাংলাদেশ রেফারেন্স ইনস্টিটিউট ফর কেমিক্যাল মেজারমেন্টস্

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ রেফারেন্স ইনস্টিটিউট ফর কেমিক্যাল মেজারমেন্টস্ (বিআরআইসিএম)
ড. কুদরাত-এ -খুদা সড়ক (ল্যাবরেটরী রোড), ধানমন্ডি, ঢাকা-১২০৫ □ ০২-৪৪৬১২৪৫১ □ info@bricm.gov.bd □ www.bricm.gov.bd

"শেখ হাসিনার দর্শন সব মানুষের উন্নয়ন"

সূত্র নং : ৩৯.১১.০০০০.০০৩.৪৮.০০৭.২৩/৩০৭৮

তারিখ : ০১-০৪-২০২৪

## অফিস আদেশ

বিআরআইসিএমের রিসার্চ ফেলো বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে বিআরআইসিএমের পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত অনুযায়ী নিম্নবর্ণিতদেরকে তাদের নামের পাশে উল্লিখিত ফেলো হিসেবে, নিম্নোক্ত শর্ত সাপেক্ষে, নিয়োগ প্রদান করা হলো:

| নং | রোল নং | প্রার্থীর নাম ও পিতার নাম | বিষয় | ফেলোশিপের নাম, মাসিক ভাতা এবং বার্ষিক আনুষঙ্গিক ভাতার পরিমাণ |
|---|---|---|---|---|
| ১ | ১১২০ | তামান্না সুলতানা<br>পিতা: মোঃ শরিফুজ্জামান | বায়োকেমেস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি | গ্রাজুয়েট ফেলোশিপ<br><br>মাসিক: ৩০,০০০/-<br>(ত্রিশ হাজার টাকা)<br><br>বার্ষিক আনুষঙ্গিক ভাতা:<br>৬০,০০০/- (ষাট হাজার টাকা) |
| ২ | ১০৯৬ | অনুজ ভৌমিক পিয়াস<br>পিতা: নারায়ন চন্দ্র ভৌমিক | বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং | |
| ৩ | ১০৪০ | জাহিদ হাসান<br>পিতা: আব্দুল জলিল | বায়োকেমেস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি | |
| ৪ | ১০২৮ | ফুয়াদ তাওফিকুল হাকিম<br>পিতা: মোঃ ইউনুস আলী | বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং | |
| ৫ | ১০৬১ | মোঃ শিহাবুল ইসলাম<br>পিতা: আলম হোসেন | বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং | |
| ৬ | ১১১৮ | রাবেয়া<br>পিতা: আব্দুর রহমান | বায়োকেমেস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি | |
| ৭ | ১০৪১ | মাশরুর কবীর<br>পিতা: ড. এস এম মারুফ কবির | ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিকস্ ইঞ্জিনিয়ারিং | |
| ৮ | ১০৭১ | সাবিনা আক্তার<br>পিতা: সিদ্দীকুর রহমান | বায়োকেমেস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি | |
| ৯ | ১০৭৩ | আফসানা রেশমী<br>পিতা: আমিন উদ্দিন মীর | বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং | |
| ১০ | ১০২৪ | এহসানুল মাহবুব জোবায়ের<br>পিতা: মোঃ আবু ইউচুফ | বায়োকেমেস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি | |
| ১১ | ১০০২ | আসাদুজ্জামান<br>পিতা: এম এ কালাম | বায়োকেমেস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি | |

**শর্তসমূহ:**

০১। নিয়োগপ্রাপ্ত ফেলোদের আগামী ১৫.০৪.২০২৪ তারিখে মহাপরিচালক, বিআরআইসিএমের নিকট যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে যোগদান না করলে ফেলোশিপ বাতিল বলে গণ্য হবে।

০২। নিয়োগপ্রাপ্ত ফেলোদেরকে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক একটি সেমিনার উপস্থাপন করতে হবে, যেখানে লক্ষ্যমাত্রা অর্জনের মাসভিত্তিক মাইলফলক চিহ্নিত থাকবে এবং তার ভিত্তিতে ফেলোর কার্যক্রম মূল্যায়ন করা হবে। লক্ষ্যমাত্রা নির্ধারণের ক্ষেত্রে ফেলো গবেষণাগারের সংশ্লিষ্ট বিজ্ঞানীর পরামর্শ গ্রহণ করতে পারবেন।

০৩। ফেলোদের বিআরআইসিএমের যে কোন বিভাগে/ শাখায় গবেষণা কাজের জন্য সম্মত থাকতে হবে।

চলমান পতা-২

০৪। ফেলোশিপের মেয়াদ যোগদানের তারিখ হতে এক বছর। গবেষণার সন্তোষজনক অগ্রগতি সম্পর্কে এ সংক্রান্ত মূল্যায়ন কমিটির সুপারিশ এবং পর্ষদ সভায় অনুমোদন সাপেক্ষে বছর ভিত্তিক নবায়নের মাধ্যমে ফেলোশিপের মেয়াদ বর্ধিত হতে পারে। তবে বর্ধিত সময়সহ ফেলোশিপের মোট মেয়াদ ৪ বছরের অধিক হবে না।

০৫। রিসার্চ ফেলো বিআরআইসিএমে পূর্ণকালীন, প্রতি কর্মদিবসে, গবেষণার কাজে নিয়োজিত হতে হবে; এই কর্মসূচির অধীনে গবেষণা কাজে নিয়োজিত থাকা অবস্থায় অন্য কোন সরকারি, আধাসরকারি, বেসরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কাজ করতে পারবেন না।

০৬। (ক) পেশাগত চাকুরিতে নিয়োগ, উচ্চ শিক্ষার্থে বিদেশ গমন বা শারীরিক অসুস্থতা অর্থাৎ যুক্তিসঙ্গত কারণ ব্যতীত মেয়াদপূর্তির পূর্বে কোন ফেলো পদত্যাগ করতে পারবেন না। যুক্তিসঙ্গত কারণে ফেলো এক মাসের নোটিশে ফেলোশিপ ত্যাগ করতে পারবেন।

(খ) ফেলোর কর্মকান্ড সন্তোষজনক না হলে, যুক্তিসঙ্গত কারণে বিআরআইসিএম কর্তৃপক্ষ যে কোন সময় ফেলোশিপ বাতিল করতে পারবে।

০৭। ফেলোগণ মাসিক ভাতার জন্য পরবর্তী মাসের পহেলা তারিখে, নির্ধারিত ফরমে, তত্ত্বাবধায়কের সুপারিশসহ ইনস্টিটিউটের সংশ্লিষ্ট শাখায় বিল দাখিল করবেন।

০৮। ফেলোশিপ নবায়নের প্রয়োজনে ফেলোকে নির্ধারিত ছকে নবায়নের জন্য আবেদন করতে হবে।

০৯। যোগদান পত্রের সাথে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা (নমুনা সংযুক্ত) জমা দিতে হবে।

১০। গবেষণা অগ্রগতির প্রতিবেদন প্রতি ৩ (তিন) মাস অন্তর সংশ্লিষ্ট শাখার ভারপ্রাপ্ত কর্মকর্তার মাধ্যমে মহাপরিচালক, বিআরআইসিএমের নিকট জমা দিতে হবে।

১১। কর্মরতদের তাদের নিয়ন্ত্রণকারী/ নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট থেকে পূর্ণকালীন কাজ করার অনুমোদন/ ছুটি/ প্রেষণ মঞ্জুরির আদেশসহ ছাড়পত্র জমা দিতে হবে।

১২। ফেলোশিপের অধীন কর্মরত ফেলোর অনুপস্থিতির কারণে তার মাসিক ভাতা থেকে দৈনিক হারে অনুপস্থিতির দিনগুলির জন্য অর্থ কর্তন করা হবে।

০১.০৪.২০২৪
মুহাম্মদ নেয়ামত ইমাম
সহকারী প্রশাসনিক কর্মকর্তা
বিআরআইসিএম

সূত্র নং : ৩৯.১১.০০০০.০০৩.৪৮.০০৭.২৩/ ৮০৭৮ তারিখ : ০১-০৪-২০২৪

বিতরণ: তালিকাস্থ সকল রিসার্চ ফেলো।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)
১. মহাপরিচালক, বিআরআইসিএম।
২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্ল্যানিং, রিসার্চ এন্ড ইন্টারন্যাশনাল এফেয়ার্স ডিভিশন, বিআরআইসিএম।
৩। সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা, বিআরআইসিএম।

মুহাম্মদ নেয়ামত ইমাম
সহকারী প্রশাসনিক কর্মকর্তা
বিআরআইসিএম

# <u>অঙ্গীকারনামা</u>

আমি ------------------------------------------------- পিতা:------------------------------------

স্থায়ী ঠিকানা: ---------------------------------------------------------------------------------------

বর্তমান ঠিকানা: -------------------------------------------------------------------------------------

বাংলাদেশ রেফারেন্স ইনস্টিটিউট ফর কেমিক্যাল মেজারমেন্টস্ (বিআরআইসিএম) কর্তৃক ------------------------------------------------------------- ফেলোশিপের আওতায় রিসার্চ ফেলো হিসেবে নিয়োগ-আদেশের পরিপ্রেক্ষিতে নিম্নে বর্ণিত শর্তসমূহ পালন করতে আমার সম্মতি জ্ঞাপন করছি।

<u>চলমান পাতা-২</u>

আমি ঘোষণা করছি যে, আমার উপর বিআরআইসিএম কর্তৃপক্ষ কর্তৃক গবেষণা সম্পর্কিত কাজের অর্পিত সকল দায়িত্ব পালন করতে বাধ্য থাকব। গবেষণা সংশ্লিষ্ট কাজে বিআরআইসিএমের স্বত্ব ও অধিকার, বিআরআইসিএমের আইন ও সংশ্লিষ্ট প্রচলিত বিধি-বিধান অনুযায়ী, বিআরআইসিএম কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।

১। ০১.০৪.২০২৪ তারিখের ৩৯.১১.০০০০.০০৩.৪৮.০০৭.২৩/৩০৭৮ সংখ্যক অফিস আদেশে বর্ণিত শর্তাবলী আমি নিজে পড়েছি যা আমি মেনে চলতে বাধ্য থাকব।

২। আমি রাষ্ট্র বিরোধী ও শৃঙ্খলার পরিপন্থী কোন কাজে নিজেকে নিয়োজিত করব না বা অন্যকে প্ররোচনা দিব না।

চলমান পাতা-৩

৩। উল্লিখিত শর্তাবলী মানতে ব্যর্থ হলে বিআরআইসিএম হতে প্রদত্ত সমুদয় অর্থ বিআরআইসিএম কর্তৃপক্ষকে ফেরত দিতে বাধ্য থাকব।

ফেলোর স্বাক্ষর :

ফেলোর পূর্ণ নাম :

তারিখ :

**জামিনদারের (গ্যারান্টার) স্বাক্ষর**

১। স্বাক্ষর :

নাম :

পদবী :

মোবাইল নম্বর :

ঠিকানা :

**স্বাক্ষীগণের স্বাক্ষর**

১। স্বাক্ষর :

নাম :

পদবী :

মোবাইল নম্বর :

ঠিকানা :

২। স্বাক্ষর :

নাম :

পদবী :

মোবাইল নম্বর :

ঠিকানা :